রূপগঞ্জে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের বিক্ষোভ মিছিল



ছবি: ভিডিও থেকে নেওয়া।

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ডাকা লকডাউন সফল করার আহ্বান জানিয়ে নারায়ণগঞ্জের রূপগঞ্জে ঢাকা-সিলেট মহাসড়কে বিক্ষোভ মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতাকর্মীরা।

বৃহস্পতিবার (১৯ নভেম্বর) রাতে রূপগঞ্জ উপজেলা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক নাজমুলের নেতৃত্বে এ মিছিল বের করা হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, মিছিলকারীরা লকডাউনের সমর্থনে বিভিন্ন স্লোগান দেন।

এদিকে, মিছিলে জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA